

সংবাদ

১৩ MAY 2008

১ ৩ ৩

শিক্ষক-কর্মচারীদের সংবাদ সম্মেলন

শেখ বোরহানুদ্দীন কলেজে পদোন্নতি নিয়োগ সবই হয় অধ্যক্ষের ইচ্ছামাফিক

নিজস্ব বার্তা পরিবেশক

শেখ বোরহানুদ্দীন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ বেগম কামরুন্নাহার আহমেদ দায়িত্ব পাওয়ার পর অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে কলেজটিকে ধ্বংসের দ্বার প্রাপ্ত নিয়ে যাচ্ছেন বলে অভিযোগ করেছেন কলেজের নির্যাতিত শিক্ষক-কর্মচারীরা। শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে শেখ বোরহানুদ্দীন কলেজের নির্যাতিত শিক্ষক-কর্মচারীদের আয়োজিত সংবাদ সম্মেলনে ভারপ্রাপ্ত অধ্যক্ষ বেগম কামরুন্নাহারের বিরুদ্ধে দুর্নীতি ও নির্যাতনের এ অভিযোগ আনা হয়। সংবাদ সম্মেলনে বিবিত-বক্তব্য পাঠ করেন সহযোগী অধ্যাপক মোতাক আহমদ মারুফ। বক্তব্য রাখেন সহযোগী অধ্যাপক আ ফ ম ওসমান গনি, সহকারী অধ্যাপক দেলোয়ার হোসেন ও প্রভাষক বদরুল ইসলাম। সাংবাদিকদের সামনে নির্যাতনের চিত্র তুলে ধরেন কর্মচারী নূরুজ্জাহান বেগম, সাহেবা স্কটন ও শূকন প্রতিবন্ধী কর্মচারী ওয়াদিদ। সংবাদ সম্মেলনে জানানো হয়, ডিগ্রিতে পাসকোর্স ও তৃতীয় বিভাগ পাওয়ায় বেগম কামরুন্নাহার আহমেদের কলেজে প্রভাষক পদে চাকরির নিয়ম অনুযায়ী অবৈধ। উল্লেখ্য ১৯৯০ সালের ২০ মার্চ সিলেকশন বোর্ডের সভায় তাকে নিয়োগ দেয়া হলেও তিনি বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) উত্তোলন করেছেন ১৯৮৯ সালের ৪ সেপ্টেম্বর থেকে।